

শিক্ষামন্ত্রীর সঙ্গে বৈঠক স্বতন্ত্র বেতন স্কেল দাবি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের

যুগান্তর রিপোর্ট

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল প্রবর্তন, বেতন কাঠামোতে সিলেকশন গ্রেড অধ্যাপকদের বেতন-ভাতা সিনিয়র সচিবের ও অধ্যাপকদের সচিবের সমান করার চার দফা দাবি জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। সোমবার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সঙ্গে সাক্ষাৎ করে তারা এ দাবি জানান।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন'র ব্যানারে ১৫ সদস্যের প্রতিনিধি দল বিকালে শিক্ষা মন্ত্রণালয়ে হাজির হন। এ সময় মন্ত্রী তাদের নিয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে বসেন ও মনোযোগ দিয়ে কথা শোনেন। এ সময় তিনি শিক্ষকদের জানান, অষ্টম বেতন ও চাকরি কমিশনের রিপোর্ট এখনও চূড়ান্ত হয়নি। যখন গৃহীত হবে তখন শিক্ষকদের যথাযথ মর্যাদা রক্ষা করেই তা গ্রহণ করা হবে।

এদিকে জনপ্রশাসন মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, সচিব কমিটিতে ইতিমধ্যে সিলেকশন গ্রেডের অধ্যাপকসহ মেজর জেনারেলদের বেতনকাঠামো এক নম্বর গ্রেডে রাখার আদ্যোচনা হয়েছে। সেই হিসাবে সপ্তম বেতন স্কেলের মতোই সিলেকশন গ্রেডের অধ্যাপকরা সচিবদের ন্যায় এক নম্বর গ্রেডে থাকবেন ও সুযোগ-সুবিধা ভোগ করবেন। জানতে চাইলে বিষয়টি নিশ্চিত করেছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী।